



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৫ ও ২০১৬’ প্রাপ্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের
উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাৎ



‘প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৫ ও ২০১৬’ প্রাপ্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ২৬
ফেব্রুয়ারি-২০১৮, সোমবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে
তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম.
মনিরুজ্জামান, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, কম্পিউটার সায়েন্স
অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য,
স্বর্ণপদক প্রাপ্ত শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, স্নাতক পর্যায়ে অনুষদ ভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্তির ভিত্তিতে ২০১৫
সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের মোঃ নজরুল ইসলাম,
ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের তাহমিনা সুলতানা, কম্পিউটার সায়েন্স অ্যান্ড



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ইঞ্জিনিয়ারিং বিভাগের ফাতেমা সিদ্দিকা, সমাজবিজ্ঞান বিভাগের মার্জিয়া রহমান, উদ্ভিদবিজ্ঞান বিভাগের নাসরিন আক্তার দোয়েল এবং আইন বিভাগের রোমানা রোজী প্রধানমন্ত্রী স্বর্ণপদক লাভ করেন।

এছাড়াও স্নাতক পর্যায়ে অনুষদ ভিত্তিক সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্তির ভিত্তিতে ২০১৬ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের মোঃ ইয়াকুব, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সায়েমা উল হুসনা, গণিত বিভাগের সাজিয়া সুলতানা, অর্থনীতি বিভাগের মাসুম বিল্লাহ্ পাটোয়ারী, মাইক্রোবায়োলজি বিভাগে তাবাসসুম মুরাদ মৌ এবং আইন বিভাগের ইয়াসিন আল রাজী প্রধানমন্ত্রী স্বর্ণপদক লাভ করেন।